

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৪  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নম্বর: বিচার-৪/৫সি-২/২০১০.১০০

১৪ ফাল্গুন ১৪৩০

তারিখ:-----

২৭ ফেব্রুয়ারি ২০২৪


প্রজ্ঞাপন

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এর চেয়ারম্যান মাননীয় বিচারপতি জনাব মোঃ শাহিনুর ইসলাম ট্রাইব্যুনাল হতে হাইকোর্ট বিভাগে প্রত্যাবর্তন করার বিষয়ে মাননীয় প্রধান বিচারপতি অভিপ্রায় ব্যক্ত করায় The International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973) এর Section 6 (4) এর বিধান মোতাবেক ট্রাইব্যুনালের চেয়ারম্যান পদটি শূন্য ঘোষণাক্রমে ট্রাইব্যুনালের বর্তমান সদস্য মাননীয় বিচারপতি জনাব মোঃ আবু আহমেদ জমাদার-কে চেয়ারম্যান এবং তাঁর শূন্য পদে জনাব এ,এইচ,এম, হাবিবুর রহমান ভুইয়া, জেলা ও দায়রা জজ (পিআরএল ভোগরত)-কে তাঁর পিআরএল বাতিলক্রমে ট্রাইব্যুনালের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হলো। ট্রাইব্যুনালের অপর সদস্য মাননীয় বিচারপতি জনাব কে,এম, হাফিজুল আলম-কে তাঁর পদে বহাল রাখা হলো।

০২। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চেয়ারম্যান মাননীয় বিচারপতি জনাব মোঃ শাহিনুর ইসলাম আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল হতে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে প্রত্যাবর্তন করবেন। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে কর্মরত থাকাকালে তাঁকে প্রদত্ত সকল নিরাপত্তা সুবিধাসহ আনুষঙ্গিক অন্যান্য সুবিধাদি বিধি মোতাবেক অব্যাহত থাকবে।

০৩। উক্ত ট্রাইব্যুনালের চেয়ারম্যান এবং সদস্যগণ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে কর্মরত একজন বিচারপতির সমমর্যাদার বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ সুবিধাদি প্রাপ্ত হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
29/02/2024

(মোঃ গোলাম সারওয়ার)  
সচিব

১৪ ফাল্গুন ১৪৩০

নম্বর: বিচার-৪/৫সি-২/২০১০.৮৪.১০০

তারিখ:-----

২৭ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় বিচারপতি জনাব মোঃ শাহিনুর ইসলাম, চেয়ারম্যান, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
২. মাননীয় বিচারপতি জনাব মোঃ আবু আহমেদ জমাদার, সদস্য, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৩. মাননীয় বিচারপতি জনাব কে,এম, হাফিজুল আলম, সদস্য, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৪. জনাব এ,এইচ,এম, হাবিবুর রহমান ভুইয়া, জেলা ও দায়রা জজ (পিআরএল ভোগরত)।
৫. চিফ প্রসিকিউটর, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৬. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৮. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১২. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
১৩. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
১৪. প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৫. মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ছাপাইয়া ৫০ (পঞ্চাশ) কপি জরুরিভিত্তিতে এই বিভাগে সরবরাহের জন্য অনুরোধ করা হলো)।
১৭. জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৮. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৯, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২০. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২১. অ্যাটর্নি-জেনারেল এর একান্ত সচিব, অ্যাটর্নি-জেনারেল এর কার্যালয়, ঢাকা।
২২. সভাপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
২৩. অফিস কপি।

 29/2/28

(মোহাম্মদ ওসমান হায়দার)

উপসচিব (প্রশাসন)

ফোন : ৫৫১০০৮৮৬

section4@lawjusticediv.gov.bd